# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৫২. অসন্তোষ সন্দেহের দ্বার

অসন্তুষ্টি আল্লাহর প্রতি, তার তকদীর বা বিধানের প্রতি, তার প্রজ্ঞা ও জ্ঞানের প্রতি সন্দেহের দ্বার খুলে দেয়। অভিযোগকারী এসব সন্দেহ থেকে মুক্ত হয় এমনটি খুব কমই দেখা যায়। এসব সন্দেহ তার আত্মায় মিশে থাকে এবং তার অস্তিত্বে ছড়িয়ে আছে। সে (অসন্তুষ্ট ব্যক্তি) যদি সৎ অন্তর্দৃষ্টি নিয়ে নিজের বিষয়ে গভীর গবেষণা করে দেখত, তবে সে দেখতে পেত যে, তার ঈমান নড়বড়ে ও সন্দেহযুক্ত। সন্তুষ্টি ও ঈমান ভাইয়ের মতো, যা একে অপরের সাথে থাকে। পক্ষান্তরে, সন্দেহ ও অসন্তুষ্টির মধ্যে একই রকম ভ্রাতৃত্বের সম্পর্ক আছে। তিরমিযী শরীফে বর্ণিত আছে যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

إن استطعت ان تعمل بالرضا مع اليقين فاعمل فإن لم تستطع فإن الصبر على ماتكره النفس خيرا كثيرا

ভাবার্থঃ “যদি তুমি ঈমানের সাথে সন্তুষ্টি প্রদর্শন করতে পার তবে তা কর, আর যদি তা না পার তবে আত্মা যা অপছন্দ করে তাতে ধৈর্য ধরার মধ্যে প্রভূত কল্যাণ আছে।”

অতএব যারা অসন্তুষ্ট তারা ভিতরে ভিতরে বিরক্ত, ক্ষুব্ধ এবং ক্রুদ্ধও বটে, যদিও তাদের ক্রোধ কথায় প্রকাশ পায় না। তাদের ভিতরে বিভিন্ন রকম প্রশ্ন মিশে আছে, যেমন- এটা কেন ঘটল বা এটা কীভাবে হতে পারে?

Source — https://www.hadithbd.com/books/link/?id=7760

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন